রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ কার্তিক ১৪১৩/১৬ অক্টোবর ২০০৬

**এস, আর, ও নং ২৫৬-আইন/২০০৬।**—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (চাকুরী, বেতন, ইনক্রিমেন্ট ইত্যাদি সংক্রান্ত সাধারণ শর্তাবলী) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976);

(খ) **"অতিরিক্ত কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার;

(গ) **"অধস্তন কর্মকর্তা"** অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর, সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, নায়েক ও কনস্টেবল;

(ঘ) **"উপ-কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, যুগ্ম-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবেন;



মূল্য ঃ টাকা ৬.০০

(ঙ) **"কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(১) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(চ) **"কর্তৃপক্ষ"** অর্থ পুলিশ কমিশনার বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন উর্ধ্বতন কর্মকর্তা;

(ছ) **"থানা"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর section 4(1)(s) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত এবং নির্ধারিত এলাকা যা প্রধানতঃ পুলিশের তদন্ত ইউনিট;

(জ) **"পদ"** অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঝ) **"ফৌজদারী কার্যবিধি"** অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898);

(ঞ) **"সহকারী কমিশনার"** অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, অতিরিক্ত উপ-কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## অংশ-১

## চাকুরীর সাধারণ শর্তাবলী

৩। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের চাকুরীর সাধারণ শর্তাবলী।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশে নিযুক্ত (Posted) বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারের কর্মকর্তাগণের বেতন, বিশেষ বেতন, ছুটি, পেনশন, বিদেশে থাকাকালীন বেতন (overseas pay), সাধারণ অধিকার এবং সুযোগ-সুবিধা সম্পর্কিত চাকুরীর বিভিন্ন শর্তাবলী নিম্নবর্ণিত বিধিমালা অনুসারে হইবে, যথা ঃ—

(ক) Fundamental and Supplementary Rules;

(খ) Civil Service Regulations;

(গ) The Government Servants (Special Provisions) Ordinance, 1979;

(ঘ) The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982;

(ঙ) Provident Fund Act, 1925 & the Provident Fund Rules, 1979;

(চ) The Government Servants (Discipline & Appeal) Rules, 1985;

(ছ) Dhaka Metropolitan Ordinance, 1976 এর অধীন প্রণীত সকল বিধিমালা;

(জ) Bangladesh Service Rules;

(ঝ) Prescribed Leave Rules, 1959;

(ঞ) The Public Servants Retirement Act, 1974;

(ট) The Services (Reorganization & Conditions) Act, 1975;

(ঠ) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা, সংবিধিবদ্ধ বিধিমালা, সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত যে কোন আদেশ;

(ড) The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985;

(ঢ) The Official Secrets Act, 1923;

(ণ) The Police Officers (Special Provisions) Ordinance, 1976.

## অংশ-২

## বেতন, ইনক্রিমেন্ট ও ভাতাসমূহ

৫। **বেতন ও বিশেষ বেতনের স্কেল।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের সদস্যদের এবং অন্যান্য স্থাপনার সিভিলিয়ান কর্মচারীগণের বেতন স্কেল, বিশেষ বেতন, ভাতাসমূহ এবং টাইম স্কেল সরকার কর্তৃক গঠিত কমিশনের সুপারিশ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিভিন্ন আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

৬। **টাইম স্কেল।**—(১) Fundamental Rules এর rules 22—29 এবং Bangladesh Service Rules এর rules 42—53 এর বিধানাবলী সাধারণ বেতনের টাইম স্কেলের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং টাইম স্কেলের ইনক্রিমেন্টের ক্ষেত্রেও এই সকল বিধিতে নির্ধারিত শর্তাবলী প্রযোজ্য হইবে।

(২) পুলিশের শিক্ষানবিস সহকারী সুপারিনটেনডেন্ট অথবা শিক্ষানবিস সহকারী কমিশনার তাহাদের দায়িত্ব গ্রহণের তারিখ হইতে বেতন ও অন্যান্য ভাতাসমূহ পাইবেন এবং তাহাদের চাকুরীতে এক বৎসর পূর্ণ হইলে তাহারা প্রথম ইনক্রিমেন্ট পাইবেন, তবে তাহারা চাকুরীতে স্থায়ী না হওয়া পর্যন্ত দ্বিতীয় বা পরবর্তী ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন না।

(৩) পুলিশের শিক্ষানবিস সহকারী সুপারিনটেনডেন্ট অথবা শিক্ষানবিস সহকারী কমিশনার চাকুরীতে যোগদানের সময় এবং পরবর্তী প্রতি বৎসর একবার করিয়া কিট ভাতা (kit allowances) প্রাপ্য হইবেন এবং তাহারা বিধি এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ অনুযায়ী, সারদা পুলিশ একাডেমীতে তাহাদের মূল প্রশিক্ষণের সময় ফ্রী বাসস্থান, মেডিক্যাল সুবিধাদি এবং প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হইবেন।

(৪) কোন ইন্সপেক্টর, সহকারী কমিশনার পদে পদোন্নতি প্রাপ্ত হইলে তিনি সার্ভিস রুলস্ এর বিধি ৪২ ও ৫৫ এর বিধান মোতাবেক পদোন্নতিপ্রাপ্ত পদের প্রারম্ভিক বেতন (initial pay) বেতন প্রাপ্য হইবেন, তবে ইন্সপেক্টর পদে তাহার মূল বেতন পদোন্নতিপ্রাপ্ত পদের প্রারম্ভিক বেতন অপেক্ষা বেশি হইলে তদানুসারে তাহার বেতন নির্ধারণ করিতে হইবে।

(৫) অধস্তন পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত শিক্ষানবিস কর্মকর্তাদের (যেমন-ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, সহকারী সাব-ইন্সপেক্টর) এবং শিক্ষানবিস সার্জেন্ট ও কনস্টেবলগণ টাইম স্কেলের সর্বনিম্ন বেতন প্রাপ্য হইবেন, তবে শর্ত থাকে যে, শিক্ষানবিস পদে নিযুক্তির পূর্বে তাহারা যে পদের দায়িত্ব পালন করিয়াছেন, সেই দায়িত্ব পালনের সময়, শিক্ষানবিসকাল এবং শিক্ষানবিসকালীন সময়ে কোন ইনক্রিমেন্ট পাইলে উহাও ইহার সঙ্গে সংযুক্ত হইবে।

(৬) (ক) পদোন্নতিপ্রাপ্ত সাব-ইন্সপেক্টরগণ সারদা পুলিশ একাডেমিতে প্রশিক্ষণকালীন সময় বিভাগীয় ক্যাডেট হিসাবে গণ্য হইবেন এবং পূর্ববর্তী বেতন স্কেলে বেতন পাইবেন;

(খ) পদোন্নতিপ্রাপ্ত সাব-ইন্সপেক্টরগণ ঢাকা মেট্রোপলিটন পুলিশে বাস্তব প্রশিক্ষণের জন্য নিযুক্ত থাকাকালীন সাব-ইন্সপেক্টরের টাইম স্কেলের বেতন পাইবেন, তবে শিক্ষানবিস পদে নিযুক্তির পূর্বে তাহারা যে পদের দায়িত্ব পালন করিয়াছেন, সেই দায়িত্ব পালনের সময় শিক্ষানবিসকাল এবং শিক্ষানবিসকালীন সময়ে কোন ইনক্রিমেন্ট পাইলে উহাও ইহার সঙ্গে সংযুক্ত হইবে;

(গ) একজন শিক্ষানবিস তিনি যে পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন সেই পদে তাহার মূল বেতনের উচ্চতর টাইম স্কেলের সর্বনিম্নস্তরে তিনি বেতন প্রাপ্য হইবেন।

(৭) সাব-ইন্সপেক্টর পদে সরাসরি নিযুক্ত ব্যক্তিগণ শিক্ষানবিসকালীন সময়ে টাইম স্কেলের সর্বনিম্ন বেতন পাইবেন।

(৮) সরাসরি নিযুক্ত সাব-ইন্সপেক্টরগণের ক্ষেত্রে পুলিশ একাডেমিতে তাহাদের প্রশিক্ষণকালীন মেয়াদ ইনক্রিমেন্ট প্রাপ্তির ক্ষেত্রে গণনা করা হইবে না।

(৯) সেনাবাহিনী হইতে কোন কমিশন অফিসার পুলিশ বাহিনীর সাব-ইন্সপেক্টর হিসাবে তালিকাভুক্ত হইলে তাহার সেনাবাহিনীর চাকুরিকাল ইনক্রিমেন্টের ক্ষেত্রে গণনা করা হইবে।

(১০) সেনাবাহিনীর সাবেক কোন সৈন্য পুলিশ বাহিনীর কনস্টেবল অথবা হেড কনস্টেবল হিসাবে তালিকাভুক্ত হইলে তাহার সেনাবাহিনীর চাকুরিকাল ইনক্রিমেন্টের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **দক্ষতাসীমা।**—(১) ইনক্রিমেন্ট স্থগিত করিবার ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা দক্ষতাসীমা অতিক্রম করিবার যোগ্য মর্মে ঘোষণা না দেওয়া পর্যন্ত উক্ত কর্মকর্তা দক্ষতাসীমার অতিরিক্ত বেতন পাইবেন না।

(২) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর অফিসে কর্মরত কোন সহকারী, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হইলে দক্ষতাসীমা অতিক্রমের অনুমতি পাইবেন না এবং এক্ষেত্রে দক্ষতাসীমা অতিক্রমের বিষয়টি অননুমোদনের জন্য কোন আনুষ্ঠানিক কার্যক্রম গ্রহণের প্রয়োজন হইবে না।

৮। **পুলিশ একাডেমীতে সরাসরি নিযুক্ত ক্যাডেট এবং সহকারী সাব-ইন্সপেক্টর পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত ক্যাডেটগণের বেতন এবং ভাতাদি।**—(১) পুলিশ একাডেমিতে প্রশিক্ষণকালীন সময় সরাসরি নিযুক্ত ক্যাডেটগণ সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত মাসিক ভাতা পাইবেন এবং যাহারা এ্যাসিসটেন্ট সাব-ইন্সপেক্টর পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত ক্যাডেট তাহারা Bangladesh Service Rules-Part-1 এর rule 42 এবং Fundamental Rules এর rule 22 এর বিধান অনুযায়ী বেতন পাইবেন।

(২) যেই সকল কর্মকর্তা সরকারের অন্য কোন বিভাগে কোন মূল পদে বহাল থাকিয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (Proper channel) আবেদন করিয়া শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন তাহাদের বেতন বাংলাদেশ সার্ভিস রুলস-১ এর বিধি ৪২ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৯। **কনস্টেবলগণের অনুমোদিত সার্ভিস ইনক্রিমেন্ট।**—(১) Bangladesh Service Rules-এর বিধান অনুযায়ী কনস্টেবলগণ এক বৎসর অনুমোদিত সার্ভিস (active service) সমাপ্তির পর একটি ইনক্রিমেন্ট পাইবার অধিকারী হইবেন।

(২) অনুমোদিত সার্ভিস বলিতে উপ-বিধি (৪) এ উল্লিখিতরূপে কোন বিঘ্ন ব্যতীত অব্যাহতভাবে বহাল থাকা চাকুরির মেয়াদকে বুঝাইবে।

(৩) কোন কনস্টেবলের বিরুদ্ধে আনুষ্ঠানিক কার্যক্রম গ্রহণ ব্যতিত ইনক্রিমেন্ট স্থগিত রাখা যাইবে না।

(৪) নিম্নলিখিত কারণে অনুমোদিত সার্ভিসের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হইবে, যথা ঃ—

(ক) বেতন ব্যতীত ছুটি, যেই মেয়াদ ছুটিতে থাকিবেন;

(খ) বরখাস্তকালীন মেয়াদ, যাহা হইতে সম্মানজনকভাবে অব্যাহতি পাওয়া না গেলে, অথবা বরখাস্ত আদেশ সংশোধিত না হইলে অথবা আপীল কর্তৃপক্ষ কর্তৃক ইহার বিপরীত কোন আদেশ না হইলে;

(গ) অভিযোগনামা আনিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যদি সুনির্দিষ্ট আদেশের মাধ্যমে কোন মেয়াদকে বিঘ্ন মেয়াদ হিসাবে গণ্য করিবার নির্দেশ দেন, সেই মেয়াদ বিঘ্ন মেয়াদ হিসাবে গণ্য হইবে, কিন্তু কোন ভিন্নরূপ আদেশ না থাকিলে পরবর্তী ইনক্রিমেন্টের ক্ষেত্রে ইহা গণনা করা যাইবে।

(৫) কোন কনস্টেবল বিশেষ শাস্তিস্বরূপ তাহার ইনক্রিমেন্ট প্রাপ্তি হইতে বঞ্চিত হইলে, উক্ত শাস্তির মেয়াদ শেষ হইবার পর ইনক্রিমেন্ট প্রাপ্তির জন্য অনুমোদিত সার্ভিস হিসাবে গণ্য হইবে এবং ভিন্নরূপ আদেশ দেওয়া না হইলে উক্তরূপে ইনক্রিমেন্ট বঞ্চিত হইবার সময়, অথবা বেতন হ্রাসের সময়কাল তাহার ভবিষ্যত ইনক্রিমেন্টের ক্ষেত্রে গণনা করা হইবে।

(৬) Bangladesh Service Rules-এর বিধান সাপেক্ষে, সংশ্লিষ্ট প্রার্থীর কষ্টের কথা বিবেচনা করিয়া, পুলিশ কমিশনার এই বিধির অধীন প্রদত্ত যে কোন আদেশ সংশোধন করিতে পারিবেন।

(৭) এই বিধি প্রয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশগুলি মানিয়া চলিতে হইবে—

(ক) সার্ভিস সংক্রান্ত সকল তথ্যাদি কনস্টেবলগণের সার্ভিস রোলসে (constable's service rules) অন্তর্ভুক্ত থাকিতে হইবে;

(খ) যখন ইনক্রিমেন্ট প্রাপ্ত হইবে তখন কলাম বরাবর সুস্পষ্ট দুইটি রেখা টানিতে হইবে এবং উক্ত রেখা দুইটির মধ্যবর্তী স্থানে নিম্নলিখিত বিষয়গুলি লাল কালিতে লিপিবদ্ধ করিতে হইবে, যথা ঃ—

"অর্জিত (প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ) ইনক্রিমেন্ট"।

(গ) বিনা বেতনে ছুটিকালীন অনুপস্থিতি অথবা বিশেষ কোন শাস্তির কারণে বরখাস্ত হওয়ার কারণে অনুমোদিত সার্ভিসের ক্ষেত্রে কোন বিঘ্ন হইলে সেই বিঘ্নের মেয়াদ সম্পর্কিত কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশ নম্বর ও তারিখ সুস্পষ্টভাবে উক্ত রোলস এ উল্লেখ থাকিতে হইবে;

(ঘ) একজন কনস্টেবল যাহাতে যথাসময়ে তাহার ইনক্রিমেন্ট পাইতে পারেন তাহা নিশ্চিত করিবার জন্য প্রত্যেক বৎসরের শুরুতে তাহার সার্ভিস রোল পরীক্ষা করিয়া দেখিতে হইবে এবং সংশ্লিষ্ট বৎসরে যাহারা ইনক্রিমেন্ট পাইবেন সে বিষয়ে একটি নোট প্রস্তুত করিতে হইবে;

(ঙ) সহকারী কমিশনারের নিম্নে নহে এমন একজন কর্মকর্তা কর্তৃক এই উপ-বিধিতে উল্লিখিত বিষয়ে সার্ভিস রোলস্ এ এন্ট্রি হওয়ার বিষয়টি নিশ্চিত হইতে হইবে এবং উহাতে স্বাক্ষর করিতে হইবে।

১০। **ইনক্রিমেন্ট উত্তোলন।**—(১) কর্মকর্তাগণ যাহাতে যথাসময়ে ইনক্রিমেন্ট উত্তোলন করিতে পারেন উহা নিশ্চিত করিবার লক্ষ্যে, সংশ্লিষ্ট রিজার্ভ কর্মকর্তা কর্তৃক গ্রেডেশন রেজিস্টারে প্রত্যেক কর্মকর্তার চলতি ইনক্রিমেন্ট (current increament) বকেয়া হইলে উহা তারিখসহ কালি দ্বারা এবং পরবর্তী ইনক্রিমেন্টের তারিখ পেন্সিল দ্বারা লিপিবদ্ধ করিতে হইবে।

(২) প্রত্যেক মাসের প্রথম সপ্তাহে রিজার্ভ কর্মকর্তা গ্রেডেশন রেজিস্টার হইতে যাহাদের ইনক্রিমেন্ট উক্ত মাসে পাওয়ার যোগ্য হয় তাহাদের নাম ইনক্রিমেন্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন এবং একই সঙ্গে পূর্ববর্তী ইনক্রিমেন্ট উত্তোলনের তারিখ, চাকুরীকালীন সমস্ত বিঘ্ন সৃষ্টি হওয়ার বিষয় এবং পরবর্তী ইনক্রিমেন্ট প্রাপ্য হওয়ার তারিখও লিপিবদ্ধ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত ইনক্রিমেন্ট রেজিস্টারে এন্ট্রিসমূহ সঠিক বলিয়া রিজার্ভ কর্মকর্তা প্রত্যয়ন করিবেন এবং উহা সংশ্লিষ্ট উপ-কমিশনার এর নিকট আদেশের জন্য উপস্থাপন করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন উপ-কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশ রিজার্ভ কর্মকর্তা গ্রেডেশন রেজিস্টার এবং ইনক্রিমেন্ট রেজিস্টারে যথাযথ লিপিবদ্ধ করিবেন।

১১। **বেতন ও ইনক্রিমেন্টের ক্ষেত্রে পূর্ববর্তী চাকুরী (মিলিটারী পুলিশ এবং মিলিটারী সার্ভিসসহ) গণনা।**—(১) কোন অধঃস্তন কর্মকর্তা চাকুরীচ্যুতি কিংবা ইস্তফাদানের পর চাকুরীতে তালিকাভুক্ত হইলে এইরূপ চাকুরীচ্যুতি কিংবা, ইস্তফাদানের পূর্বে তিনি যতদিন চাকুরী করিয়াছিলেন তাহার সেই চাকুরীকাল (মিলিটারী পুলিশ এবং মিলিটারী সার্ভিসসহ) তাহার বেতনের ইনক্রিমেন্ট প্রাপ্যতার ক্ষেত্রে একই টাইম স্কেল না হইলেও গণনা করিতে হইবে।

(২) Civil Service Regulations এর regulation 422 অনুচ্ছেদের অধীন চাকুরীতে কোন বিঘ্ন হওয়ার বিষয়টি মওকুফ করার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উহা বেতনের ইনক্রিমেন্ট ও পেনশনের ক্ষেত্রে পূর্ববর্তী চাকরি গণনা করা হইবে কি-না তাহা স্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে।

(৩) চাকুরী বিঘ্ন হওয়ার বিষয়টি মওকুফ করার প্রতিটি ক্ষেত্রে গুণাগুণ যাচাই করিয়া এবং সংশ্লিষ্ট ব্যক্তি-বিশেষ এই সুবিধা পাইবার যোগ্য কিনা তাহা বিবেচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

(৪) Civil Service Regulations এর regulation 511 এর অধীন প্রাপ্ত কোন গ্রাচ্যুইটি সম্পূর্ণ ফেরত প্রদান করা হইয়াছে অথবা regulation 514 (b) অনুযায়ী কোন পেনশন সম্পূর্ণ স্থগিত রহিয়াছে কিনা উহা বিবেচনা করিয়া মিলিটারী পুলিশ ও মিলিটারী সার্ভিস গণনা করা হইবে।

(৫) চাকুরীতে ইস্তফাদানের পর কোন ব্যক্তিকে পুনরায় নিয়োগ করা হইলে নিয়োগদানকারী কর্তৃপক্ষ, যিনি বিধি মোতাবেক উক্ত ব্যক্তির জন্য প্রযোজ্য বেতন নির্ধারণ করিবেন তিনি মহা হিসাব নিয়ন্ত্রক এর নিকট ঐ ব্যক্তির পূর্ণ বৃত্তান্ত ব্যাখ্যা করিবেন এবং মহা হিসাব নিয়ন্ত্রক এর নিকট হইতে এই মর্মে সার্টিফিকেট গ্রহণ করিবেন যে, সংশ্লিষ্ট ব্যক্তি বিধি মোতাবেক নির্ধারিত বেতন পাইবার যোগ্য।

১২। **অধঃস্তন পদধারীদের বেতন এবং বিশেষ বেতন।**—সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ দ্বারা নির্ধারিত বেতন এবং বিশেষ বেতন অধঃস্তন কর্মকর্তাগণ প্রাপ্য হইবেন।

১৩। **বর্ধিত বেতন উত্তোলন পদ্ধতি।**—(১) যেইখানে দক্ষতা সীমা অতিক্রম করিবার প্রশ্ন নাই সেইক্ষেত্রে কোন কর্মকর্তার বাৎসরিক ইনক্রিমেন্টের ফলে বর্ধিত বেতন তুলিতে কোন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের প্রয়োজন হইবে না এবং এই সকল ক্ষেত্রে এবং কোন সহকারী পুলিশ কমিশনার এবং তদূর্ধ্ব কর্মকর্তার পদোন্নতির ক্ষেত্রে, মহা হিসাব নিয়ন্ত্রকের পূর্ব-অডিট ব্যতীত বর্ধিত বেতন উত্তোলন করা যাইবে না।

(২) পদাবনতির কারণে নিম্নপদে নিয়োজিত কর্মকর্তা কিংবা চাকরিচ্যুত একজন কর্মকর্তা আপীল চলাকালীন সময়ে বর্ধিত বেতন উত্তোলন করিতে পারিবেন না।

১৪। **ইউনিফর্ম ক্রয় এবং রক্ষণাবেক্ষণ অনুদান।**—(১) পুলিশ বাহিনীর ইন্সপেক্টরের উর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তাগণ সরকার কর্তৃক এই উদ্দেশ্যে বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্র অনুযায়ী ইউনিফর্ম ক্রয় এবং রক্ষণাবেক্ষণের জন্য অনুদান পাইবেন।

(২) ইউনিফর্ম ক্রয় এবং রক্ষণাবেক্ষণ অনুদান মহা পুলিশ পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত হইতে হইবে।

(৩) অনুদান প্রদানের তারিখ হইতে এক বৎসরের মধ্যে কোন কর্মকর্তা চাকুরী হইতে অবসর গ্রহণের সময় হইলে উক্ত কর্মকর্তা ইউনিফর্ম ক্রয়ের অনুদান পাইবার অধিকারী হইবেন না।

১৫। **ইন্সপেক্টরের উর্ধ্ব পদ মর্যাদা সম্পন্ন কর্মকর্তাদের কীট ভাতা।**—সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশ অনুযায়ী ইন্সপেক্টরের উর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তাগণ কীট ভাতা পাইবার অধিকারী হইবেন।

১৬। **যাতায়াত ভাতা।**—(১) পুলিশ কর্মকর্তাগণ ফান্ডামেন্টাল এবং সাপ্লিমেন্টারি রুলস এর পরিশিষ্ট ৫-এ প্রদর্শিত হারে যাতায়াত ভাতা পাইবার অধিকারী হইবেন।

(২) Fundamental and Supplementary Rules এর rule 26 এর অধীন যাতায়াতের প্রয়োজনীয় বাহন সম্পর্কে ডেপুটি পুলিশ কমিশনারের সার্টিফিকেটের ভিত্তিতে ইন্সপেক্টর, সার্জেন্ট ও সাব-ইন্সপেক্টরগণ যাতায়াতের প্রকৃত খরচ গ্রহণে অধিকারী হইবেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং তদন্তকারী অন্যান্য কর্মকর্তাগণ সরেজমিন তদন্তকালে যাতায়াতের বাহনসমূহের জন্য যে ভাতা উত্তোলন করা হইয়াছে তাহা যথাযথভাবে ব্যবহার করা হইয়াছে কিনা বা কোন বাহন থাকিলে উহা কার্যোপযোগী অবস্থায় আছে কিনা উহা বিবেচনা করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।